



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ফোনঃ ০২২২৩৩৫৪০২৫; ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd

সূত্র নং-প্রকা/শানিব্যাউবি-১(৫৯)অংশ-২/২০২৩-২০২৪/৮৮২

তারিখঃ ১৫ জানুয়ারী ২০২৪

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়  
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়  
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা  
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়  
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়  
শাখা ব্যবস্থাপক, সকল শাখা  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ- “বিকেবি ডাবল প্রফিট স্কিম” এবং “বিকেবি, প্রবাসী ডাবল প্রফিট স্কিম” নীতিমালার সংশোধনী জারি প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। আর্থিক স্বচ্ছলতা, স্থিতিশীলতা ও সমৃদ্ধির লক্ষ্যে দেশের সর্বস্তরের মানুষের মধ্যে সঞ্চয় মনোভাব গড়ে তোলা এবং জনসাধারণকে সঞ্চয়ে উদ্বুদ্ধ করার পাশাপাশি ব্যাংকের স্থায়ী ও দীর্ঘ মেয়াদি আমানত ভীত গড়ে তোলার লক্ষ্যে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও পর্যদ সভার অনুমোদনক্রমে বিভিন্ন সময়ে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক বিভিন্ন ধরনের ডিপোজিট স্কিম প্রবর্তন করা হয়। এই ধারাবাহিকতায় বিগত ৩১.০৩.২০১৯ ইং তারিখের পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যাউবি) পরিপত্র নং-০৭/২০১৯ এর মাধ্যমে “বিকেবি ডাবল প্রফিট স্কিম” এবং বিগত ১৬ আগস্ট ২০২৩ তারিখের পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যাউবি) পরিপত্র নং-১০/২০২৩ এর মাধ্যমে “বিকেবি প্রবাসী ডাবল প্রফিট স্কিম” নামে আমানত প্রডাক্ট চালু করে নীতিমালা জারি করা হয়।


০৩। বিকেবি ডাবল প্রফিট স্কিম সংক্রান্ত পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যাউবি) পরিপত্র নং-০৭/২০১৯ তারিখ ৩১.০৩.২০১৯ এর অনুচ্ছেদ নং ১.৮ (প্রথম উপ-অনুচ্ছেদ) এবং বিকেবি প্রবাসী ডাবল প্রফিট স্কিম সংক্রান্ত পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যাউবি) পরিপত্র নং-১০/২০২৩ তারিখ ১৬.০৮.২০২৩ এর উপ-অনুচ্ছেদ নং ২.৯.১ এ হিসাবধারীর মৃত্যুর পর হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে মর্মে প্রদত্ত নির্দেশনা রহিতকরণ পূর্বক নিম্নরূপ সংশোধনী জারি করা হলোঃ

“হিসাবধারীর মৃত্যুর পরে হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। এক্ষেত্রে হিসাবের নমিনী/উত্তরাধিকারী চাইলে হিসাবটি বন্ধ অথবা মেয়াদপূর্তি পর্যন্ত পরিচালনা করতে পারবেন। যদি নমিনী/উত্তরাধিকারী মেয়াদপূর্তির পূর্বে হিসাব নগদায়ন করতে চায়, সেক্ষেত্রে সংশ্লিষ্ট পরিপত্রের ‘মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধ করা হলে টাকা উত্তোলন পদ্ধতি’ সংক্রান্ত অনুচ্ছেদ অনুসরণপূর্বক হিসাবের নমিনী/উত্তরাধিকারীগণকে প্রযোজ্য হারে সুদ প্রদান করতে হবে।”

০৪। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। বর্ণিত পরিপত্রের অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত



(মোহাঃ খালেদুজ্জামান)

মহাব্যবস্থাপক

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

তারিখঃ ১৫ জানুয়ারী ২০২৪

সূত্র নং-প্রকা/শানিব্যাউবি-১(৫৯)অংশ-২/২০২৩-২০২৪/৮৮২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
- ০৫। নথি/মহানথি।

  
১৫.০১.২৪  
(কে. এম. হারিবি-উন-নবী)  
উপমহাব্যবস্থাপক